

সফটওয়্যারের কারুকাজ

বিরক্তিকর অ্যালার্ট ব্লক করা

ভিস্তার মতো উইন্ডোজ ৭ প্রদর্শন করে কঠোর সতর্কবার্তা— যদি উইন্ডোজ মনে করে আপনার অ্যান্টিভাইরাস, ফায়ারওয়াল অথবা অন্যান্য সিকিউরিটি সেটিং ঠিকভাবে নেই। কিন্তু এই সতর্কবার্তা অনেক সময় ব্যবহারকারীদের কাছে বিরক্তির কারণও হয়ে দাঁড়ায়।

যদি এ ধরনের সতর্কবার্তা থেকে আপনি পরিত্রাণ পেতে চান, তাহলে বন্ধ করতে পারেন স্বতন্ত্র সতর্কবার্তাকে। আর কখনই যদি এই সতর্কবার্তা পেতে না চান, তাহলে উইন্ডোজ ফায়ারওয়ালকে বন্ধ করে রাখতে পারেন। এজন্য Control Panel → System and Security → Action Center → Change Action Center সেটিংসে ক্লিক করুন। এরপর Network Firewall ক্লিক করে Ok ক্লিক করুন।

ব্যটারির আয়ু বাড়ানো

উইন্ডোজ ৭-এ সম্পূর্ণ করা হয়েছে নতুন পাওয়ার অপশন, যা ব্যবহারকারীর নোটবুকের ব্যটারির আয়ু বাড়াতে যথেষ্ট সহায়তা করে। এজন্য Start-এ ক্লিক করে Power Options টাইপ করুন। এরপর Power Options লিঙ্কে ক্লিক করে আপনার বর্তমান পরিকল্পনা অনুযায়ী Change Plan Settings-এ ক্লিক করুন এবং Change Advanced Settings সিলেক্ট করুন। এরপর Multimedia Settings সম্প্রসারণ করলে দেখতে পাবেন একটি নতুন Playing Video সেটিং, যা পারফরম্যান্স সেটিংয়ের চেয়ে বেশি সেট করতে পারবেন অপটিমাইজ পাওয়ার সেটিং অপশন। এবার অন্যান্য সেটিং জুড়ে ব্রাউজ করে নিশ্চিত হয়ে নিন এ সেটিং আপনার প্রয়োজনীয় চাহিদা মেটায় কি না।

হাইবারনেশন ডিজ্যাবল করা

উইন্ডোজ ৭ বাইডিফল্ট এর হাইবারনেশন ফাইল দিয়ে হার্ডডিস্কের বেশ কিছু স্পেস স্থায়ীভাবে ব্যবহার করে। যদি আপনি কখনই স্লিপ মোড ব্যবহার না করেন এবং সবসময় পিসি টার্ন অফ করে থাকে, তাহলে এ ফিচার আপনার জন্য দরকার হবে না। তাই হাইবারনেশন ফিচার ডিজ্যাবল করে কিছু স্পেস বাঁচাতে পারবেন। এ কাজটি করার জন্য REGEDIT চালু করুন এবং ব্রাউজ করুন HKEY_LOCAL_MACHINE\SYSTEM\CurrentControlSet\Control\Power রেজিস্ট্রি কী-তে। এরপর Hibernate Enabled এবং HiberFileSize Perfect উভয়ই জিরোতে (0) সেট করুন।

ওয়ালি উল্লাহ

চাষাঢ়া, নারায়ণগঞ্জ

কী রান হচ্ছে, দেখুন

যদি আপনি উইন্ডোজ ৮ অ্যাপ রান করেন, কিছু সময়ের জন্য প্লে করেন, তাহলে উইন্ডোজ কী চাপলে আপনি ফিরে যাবেন উইন্ডোজ স্টার্টস্ক্রিনে। তারপরও আপনার অ্যাপ রানিং থাকবে। যেহেতু এখানে কোনো টাস্কবার নেই,

তাহলে তা কীভাবে খুঁজে পাবেন, এমন প্রশ্ন সবার মনে উদয় হবে, এটিই স্বাভাবিক।

এমন অবস্থায় Alt+Tab চাপলে কী রান হচ্ছে, তা দেখাবে। এবার উইন্ডোজ কী চেপে Tab কী চাপলে স্ক্রিনের বাম দিকে একটি প্যান ডিসপ্লে করবে রানিং ট্যাব রানিং অ্যাপসসহ (মাউসসহ এটি দেখতে চাইলে কার্সরকে স্ক্রিনের ওপরে বাম প্রান্তে নিয়ে অপেক্ষা করুন যতক্ষণ পর্যন্ত না একটি অ্যাপের থাম্বনেইল আবির্ভূত হচ্ছে। এরপর ড্র্যাগ ডাউন করুন)।

অ্যাডমিনিস্ট্রেটিভ টুল প্রদর্শন করা

অভিজ্ঞ উইন্ডোজ ব্যবহারকারীর প্রচুর সময় ব্যয় করেন অ্যাডভান্সড অ্যাপলেটের পেছনে। আবার অনেক ব্যবহারকারী আছেন যারা খুব বিরক্ত বোধ করেন। কেননা, প্রয়োজনীয় অনেক টুল আছে যেগুলো উইন্ডোজ ৮-এ হিডেন রেখেছে। সম্প্রতি উইন্ডোজ ৮ ব্যবহারকারীদের এ চাহিদার প্রতি বেশ মনোযোগী হয়েছে এবং সেগুলোকে ফিরিয়ে আনার পথে রয়েছে।

Win+X চাপলে বিপুলসংখ্যক টেকনিক্যাল টুলসহ একটি মেনু আবির্ভূত হবে। যেমন— ডিভাইস ম্যানেজার, নেটওয়ার্ক কানেকশনস, কমপিউটার ম্যানেজমেন্টসহ আরও অনেক টুল।

যদি আপনি আরও বেশি পাওয়ার চান, তাহলে চার্ম বার ওপেন করুন। স্ক্রিনের ডান দিকে আঙ্গুল দিয়ে ক্লিক করে 'Settings' এবং 'Tiles' সিলেক্ট করুন। এবার 'Show administrative tools' অপশনকে পরিবর্তন করে 'Yes' করুন এবং স্টার্ট স্ক্রিনের খালি অংশে আবার ক্লিক করুন। এটি এত সহজ যে ডান দিকে ক্লিক করলে আপনি খুঁজে পাবেন বিভিন্ন অ্যাপলেট কী-এর জন্য নতুন টাইলের হোস্ট। যেমন— পারফরম্যান্স মনিটর, ইভেন্ট ভিউয়ার, টাস্ক সিডিউলার, রিসোর্স মনিটর এবং আরও অনেক কিছু যেগুলোতে অ্যাক্সেস করা যায় এক ক্লিকে।

হাসানুর রশিদ

স্টেশন রোড, রাজবাড়ী

আইকনবিহীন ডেস্কটপের মজা

অনেক কমপিউটার ব্যবহারকারী ডেস্কটপ আইকনবিহীন করে রাখতে পছন্দ করেন। কিন্তু প্রিয় ও প্রয়োজনীয় প্রোগ্রামগুলোও হাতের কাছাকাছি রাখা চাই। তাদের জন্য করণীয় হলো : * কমপিউটার ডেস্কটপের টাস্কবারের ওপর মাউসের ডান বাটন ক্লিক করুন। এখানে Toolbars থেকে Quick Launch-এ টিক চিহ্ন দিন। এবার Start মেনুর ডান পাশে দুই দাগের মধ্যে তিনটি আইকন দেখা যাবে।

* আবার টাস্কবারের ওপর মাউসের ডান বাটন ক্লিক করুন। যদি Lock the Taskbar-এ টিক চিহ্ন থাকে, তবে সেটি উঠিয়ে দিন।

* এবার আপনার প্রয়োজনীয় প্রোগ্রামের আইকনগুলো এক এক করে মাউস দিয়ে ড্র্যাগ করে Start মেনুর পাশে দুই দাগের মধ্যে এনে ছেড়ে দিন। প্রয়োজনমতো ডান দিকের দাগটিকে সরিয়ে নিতে পারেন এবং

আগের আইকনগুলো চাইলে ডিলিট করতে পারেন।

* এখন আবার টাস্কবারের ওপর মাউসের ডান বাটন ক্লিক করে Lock the Taskbar-এ টিক চিহ্ন দিন।

* এবার Recycle Bin ছাড়া আপনার ডেস্কটপের আইকনগুলো ডিলিট করে দিন কিংবা ডেস্কটপের ওপর মাউসের ডান বাটন ক্লিক করে Arrange Icons By-এ গিয়ে Show Desktop Icons-এর টিক চিহ্ন উঠিয়ে দিন। এবার এক ক্লিকেই প্রোগ্রাম চালু করে আইকনবিহীন ডেস্কটপের মজা উপভোগ করুন।

স্ক্র্যাচ পড়া সিডি/ডিভিডি

সহজেই কপি করুন

সাধারণত স্ক্র্যাচ পড়া সিডি/ডিভিডি হার্ডড্রাইভে কপি করতে গেলে কিছুক্ষণ কপি হওয়ার পর দেখা যায় একটি ডায়ালগ বক্স আসে, যাতে লেখা থাকে Cannot copy data error। এরপর আর কপি হয় না। এ ক্ষেত্রে আপনি প্রথমে ডেস্কটপের ওপর মাউসের ডান বাটন ক্লিক করে New-এ গিয়ে Briefcase সিলেক্ট করুন। এবার New Briefcase-এ ডাবল ক্লিক করুন। এখানে Welcome to the Windows Briefcase সংবলিত একটি উইন্ডো আসবে এবং এর নিচে Finish বাটনে ক্লিক করুন। এখন স্ক্র্যাচ পড়া সিডি থেকে যে ফাইলটি কপি করতে চান সে ফাইলটি কপি করে New Briefcase-এর মধ্যে পেস্ট করুন। কপি সম্পূর্ণ হলে ফাইলটি এবার আপনার পছন্দমতো ড্রাইভে মুভ করান এবং New Briefcase ফোল্ডারটি ডিলিট করে দিন।

মো: রাকিবুজ্জামান (নাসির)

রামচন্দ্রপুরহাট, চাঁপাইনবাবগঞ্জ

কারুকাজ বিভাগে লিখুন

কারুকাজ বিভাগের জন্য প্রোগ্রাম ও সফটওয়্যার টিপস বা টুকটাকি লিখে পাঠান। লেখা এক কলামের মধ্যে হলে ভালো হয়। সফট কপি সহ প্রোগ্রামের সোর্স কোডের হার্ড কপি প্রতি মাসের ২০ তারিখের মধ্যে পাঠাতে হবে।

সেরা ৩টি প্রোগ্রাম/টিপসের লেখককে যথাক্রমে ১,০০০, ৮৫০ ও ৭০০ টাকা পুরস্কার দেয়া হয়। সেরা ৩ টিপস ছাড়াও মানসম্মত প্রোগ্রাম/টিপস ছাপা হলে তার জন্য প্রচলিত হারে সম্মানী দেয়া হয়। প্রোগ্রাম/টিপসের লেখকদের নাম কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকেও জানা যাবে। পুরস্কার কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকে সংগ্রহ করতে হবে। সংগ্রহের সময় অবশ্যই পরিচয়পত্র দেখাতে হবে এবং পুরস্কার চলতি মাসের ৩০ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।

এ সংখ্যায় প্রোগ্রাম/টিপসের জন্য প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় হয়েছেন যথাক্রমে— ওয়ালি উল্লাহ, হাসানুর রশিদ ও মো: রাকিবুজ্জামান (নাসির)।